

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় আইসিটি শাখা	
প্রোগ্রামার	
সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার	
সহকারি প্রোগ্রামার	
অন্যান্যঃ	
ডায়েরী নং	তারিখ- বাক্সঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,  
অধিশাখা-১২

২১ বৈশাখ ১৪৩১

তারিখঃ -----

২৪ এপ্রিল ২০২৪

স্মারক নং-২৫.০০.০০০০.০২৫.০১.০০২.১৩- ২৫০

### সভার বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন নিম্নলিখিত দপ্তরের বিপরীতে অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর কর্তৃক উত্থাপিত অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অডিট) এর সভাপতিত্বে স্থায়ী অডিট কমিটির সভা নিম্নবর্ণিত তারিখ, স্থান ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক্রমিক	দপ্তরের নাম	সভার সময় ও তারিখ	সভার স্থান
০১।	শেরেবাংলানগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা	তারিখঃ ০২/০৫/২০২৪ সময়ঃ ০২.০০ ঘটিকা	অতিরিক্ত সচিবের (অডিট) অফিস কক্ষ, কক্ষ নং-২০৬, ভবন নং-০৫, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সভার বর্ণিত সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তরের সদস্যগণকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( মোঃ মনিরুজ্জামান )

উপসচিব

ফোনঃ ০২-২২৩৩৫১৮৯২

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, শেরেবাংলানগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা (আপনার দপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তির জবাব তৈরী করে সভা অনুষ্ঠিত হওয়ার অন্তত পূর্বে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অডিট) এবং পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর বরাবর বুকলেট আকারে সকল প্রমাণক সংযুক্ত করে কার্যপত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া সভা চলাকালীন সময়ে সদস্যদের জন্য আরো ৫ (পাঁচ) সেট কার্যপত্র সভাস্থলে বিতরণের নিমিত্ত প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো।
- ৩। উপসচিব (প্রশাসন অধিশাখা-১৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আপ্যায়ন ও সভায় অংশগ্রহণকারীদের সচিবালয়ে প্রবেশে ডিজিটাল পাস ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অতিরিক্ত সচিব (অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। অফিস কপি / মাস্টার কপি।